

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাঁথিয়া, পাবনা
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
সাঁথিয়া উপজেলা কমান্ড নির্বাচন
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩
www.santhia.pabna.gov.bd

নং- ০৫.৪৩.৭৬৭২.০০০.১৯.০০১.২৩-৩১৪


তারিখঃ ০২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সাঁথিয়া উপজেলা কমান্ড নির্বাচনে সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩ অনুষ্ঠানের লক্ষ্যে গঠিত নির্বাচন কমিশন কার্যালয় কর্তৃক ১৬ মার্চ ২০২৩ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০১.৩৫.০০৫.২৩-৫৫ নং স্মারকে জারিকৃত পরিপত্র-২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তার ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩ অনুষ্ঠানের লক্ষ্যে গঠিত নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৩/০৫/২০২৩ খ্রি. তারিখ শনিবার একই সাথে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা কমান্ড, মহানগর কমান্ড ও উপজেলা কমান্ডের নির্বাচন অনুষ্ঠিত হবে। তৎপ্রেক্ষিতে গঠিত নির্বাচন কমিশন কার্যালয় কর্তৃক সূত্রোক্ত স্মারকে জারিকৃত পরিপত্র-২ এর ০২ নং অনুচ্ছেদে বর্ণিত সিদ্ধান্তসমূহের (ঘ) নং সিদ্ধান্ত প্রতিপালনের নিমিত্ত সাঁথিয়া উপজেলা কমান্ড নির্বাচনে জনাব মোঃ মনিরুজ্জামান, সহকারী কমিশনার(ভূমি), সাঁথিয়া, পাবনাকে সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব প্রদান করা হলো।

এমতাবস্থায়, পরিপত্র-২ এর ০৩ নং অনুচ্ছেদে বর্ণিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সাঁথিয়া উপজেলা কমান্ড নির্বাচন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে তাকে সহকারী রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব পালনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


১৬/০৩/২০২৩

(মোঃ মাসুদ হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা

ও

রিটার্নিং অফিসার

সাঁথিয়া উপজেলা কমান্ড নির্বাচন

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩

টেলিফোন: ০২৫৮৮৮৪৮৯০১

জনাব মোঃ মনিরুজ্জামান
সহকারী কমিশনার(ভূমি)
সাঁথিয়া, পাবনা